

মুগ্ধতা

তারিখ: 17 MAY 2003
পৃষ্ঠা: ৬
৪

এইচএসসি পরীক্ষাও নকলমুক্ত রাখতে হবে : মিলন

মুগ্ধতার রিপোর্ট

শিক্ষা প্রতিমন্ত্রী জা ন ম এহছানুল হক মিলন, নকল প্রতিরোধে সফলতার ধারা অক্ষুণ্ণ রাখতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, এসএসসির মতো এইচএসসি পরীক্ষাকে নকলমুক্ত রাখতে হবে। এ দায়িত্ব পালনে প্রশাসন ও সরকার শিক্ষকদের সার্বিক সহযোগিতা দেবে। তিনি গতকাল কুলনা সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজে অনুষ্ঠিত নকলবিরোধী মতবিনিময় সভায় প্রধান মিলন : পৃষ্ঠা ২ : কলাম ৭

মিলন : পরীক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

অতিরিক্ত বক্তৃতায় এ কথা বলেন। যশোর শিক্ষাবোর্ড আয়োজিত সভায় সভাপতিত্ব করেন বোর্ডের সভাপতি অধ্যাপক এবিএম সাত্তার। এতে বিশেষ অতিথি ছিলেন কুলনা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. জাবিদ হোসাইন। এছাড়াও বক্তৃতা করেন কুলনা জেলা প্রশাসক রেজাদুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার মাহবুব হাকিম, সিটি কলেজের অধ্যক্ষ অধ্যাপক রমেশ চন্দ্র চক্রবর্তী ও কলারোগা সরকারি কলেজের অধ্যাপক আবু নসর। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, শিক্ষকরা প্রমাণ করেছেন, তারা নকল প্রতিরোধে প্রস্তুত। বর্তমান সরকার শিক্ষকদের সব ধরনের সুযোগ-সুবিধা বৃদ্ধির উদ্যোগ নিয়েছে। শিক্ষায়নে সঠিক পরিবেশ ফিরে আসছে। অসুস্থ রাজনীতি হ্রাস পাচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, নকলের বিরুদ্ধে যে প্রতিরোধ গড়ে উঠেছে আসন্ন এইচএসসি পরীক্ষায় তা অক্ষুণ্ণ থাকবে।